# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

## সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট    মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ নিচের দুটি ছক দেখে প্রশ্নগুলোর উত্তর দাও:

| ছক-১ | ছক-২ |
|---|---|
| রবার্ট ক্লাইভ<br>সম্রাট শাহ আলম<br>দেওয়ানি লাভ | ১৭৮১-ওয়ারেন হেস্টিংস<br>১৮৫৭-কলকাতা বিশ্ববিদ্যালয়<br>১৮২১-মুদ্রণ যন্ত্র |

ক. কে ১৬৮২ সালে ইংরেজ কোম্পানিগুলোর গভর্নর হিসেবে হুগলিতে আসেন? ১

খ. 'ভাগ কর এবং শাসন কর নীতি'- ব্যাখ্যা করো। ২

গ. ছক-২ এ উল্লিখিত বিষয়টি বাংলার ইতিহাসের কোন ঘটনাকে প্রতিফলিত করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ছক-১ এ উল্লিখিত বিষয়টি 'এ দেশের মানুষের জন্য এক চরম অভিশাপ'- কথাটি বিশ্লেষণ করো। ৪

২. ★ রনির জন্মদিনে তার বাবা এন্ডি বা মুগা জাতীয় সিল্কের তৈরি একটা পাঞ্জাবি উপহার দিলেন। উপহার পেয়ে রনি খুব খুশি। বন্ধুদের অনুরোধে সে তার পছন্দের ভাওয়াইয়া গান গেয়ে শোনালো।

ক. সাংস্কৃতায়ন কাকে বলে? ১

খ. 'সাংস্কৃতিক আদর্শ হচ্ছে এক সংস্কৃতি থেকে অন্য সংস্কৃতির পরিবর্তন প্রক্রিয়া'- ব্যাখ্যা করো। ২

গ. জন্মদিনে রনির পাওয়া উপহারটি যে শিল্পের নিদর্শন বহন করে তা বিশ্লেষণ করো। ৩

ঘ. বাঙালির সংস্কৃতি বিকাশে রনির গাওয়া শিল্পকর্মের ভূমিকা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

৩.▶ দীর্ঘদিন অস্ট্রেলিয়ায় বেড়ে উঠা দিপুর বাবা-মার সাথে বাংলাদেশে ফিরে এসেছে। আত্মীয়-স্বজনরা তার সাথে দেখা করতে এলে সে চুপচাপ থাকত, খুব একটা কথা বলতো না। কিন্তু কিছুদিনের মধ্যেই সে সমাজর রীতিনীতি, ধর্মীয় বিধি-ব্যবস্থার সাথে মানিয়ে নিয়েছে। এখন আর তার মধ্যে জড়তা নেই।

ক. গণমাধ্যম কী? ১

খ. 'শিশুর সামাজিকীকরণের ক্ষেত্রে সমবয়সী বন্ধুদের ভূমিকা গুরুত্বপূর্ণ'- ব্যাখ্যা করো। ২

গ. অনুচ্ছেদের ঘটনাটিতে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'দিপুর পরিপূর্ণ বিকাশের ক্ষেত্রে পরিবারই একমাত্র সহায়ক'- উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ ৮ম শ্রেণির ছাত্র তপুর পছন্দের অনুষ্ঠান বিটিভির বিতর্ক প্রতিযোগিতা। সে দেশ-বিদেশের খরব শোনে। কিন্তু তারই চাচাতো ভাই আরিফ রাত জেগে ইন্টারনেটে বন্ধুদের সাথে আড্ডা দেয়, গেমস খেলে।

ক. ই-কমার্স কী? ১


খ. অঙ্গীভূতকরণ বলতে কী বোঝায়? ২

গ. তপুর ক্ষেত্রে সামাজিকীকরণের কোন উপাদানটি কাজ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সামাজিকীকরণের ক্ষেত্রে আরিফের ব্যবহৃত মাধ্যমটির যেমন নেতিবাচক দিক আছে তেমনি ইতিবাচক দিকেও রয়েছে'— বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৫. ☆





ক. এককেন্দ্রিক সরকার কাকে বলে? ১

খ. বাংলাদেশের সংবিধান প্রণয়নের প্রেক্ষাপট ব্যাখ্যা করো। ২

গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানীয় সরকারটির গঠন কাঠামো বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের সংস্থাটির কাজের সাথে পৌরসভার কাজের মিল আছে কি? তোমার উত্তরের পক্ষে মতামত দাও। ৪

৬. ★




ক. সমাজতন্ত্রের মূল লক্ষ্য কী? ১

খ. বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্য হিসেবে জাতি ও জাতীয়তা বলতে কী বোঝায়? ২

গ. 'ক' চিহ্নিত স্থানটি সরকারের যে বিভাগ নির্দেশ করে তার কাজ ব্যাখ্যা করো। ৩

ঘ. 'খ' ও 'গ' বিভাগের কাজের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৭. ▶ মালয়েশিয়া রাষ্ট্রের সাথে বাংলাদেশ সরকারের চুক্তি হয়, বেশ কিছু দক্ষ জনশক্তি রপ্তানি করবে। তাই সরকার দক্ষ জনশক্তির জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেন।

ক. ২০১৬ সালে বাংলাদেশের মাথাপিছু আয় কত? ১

খ. জনসংখ্যানীতি বলতে কী বোঝায়? ২

গ. দক্ষ জনশক্তির জন্য সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. দক্ষ জনশক্তি দেশের অর্থনীতি সমৃদ্ধ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে- বিশ্লেষণ করো। ৪

৮. ★ বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ছাত্র নাঈম কিছুদিনের জন্য রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়িতে গিয়েছিল। সেখানকার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের সাথে কথা বলে সে দেখল তারা অন্যান্য নৃ-গোষ্ঠীর তুলনায় বেশি শিক্ষিত।

ক. সাঁওতালরা কোন নৃ-গোষ্ঠীভুক্ত লোক? ১

খ. 'মেওয়া' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে যে নৃগোষ্ঠীর কথা বলা হয়েছে তাদের সামাজিক জীবন সম্পর্কে লেখ। ৩

Teachingbd24.com

ঘ. উদ্দীপকে উল্লিখিত নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবন নাঈমদের থেকে আলাদা- বিশ্লেষণ করো। ৪

৯.▶ 'X' ও 'Y' দুই বন্ধু 'X' এর পরিবারের সর্বময় কর্তা তার পিতা। তাদের সমাজে পিতার সূত্র ধরে সন্তানের দল ও গোত্র পরিচয় নির্ণয় করা হয়। কিন্তু 'Y' এর পরিবারের সবাই পারিবারিক কাজে তার মায়ের মতামতকে প্রাধান্য দেয়। উভয়ের পরিবারের মধ্যে ধর্মীয় আচার-আচরণ ও জীবিকা নির্বাহ পদ্ধতি ভিন্ন।

ক. রাখাইন এর অর্থ কী? ১

খ. গারোদের ধর্মীয় জীবন সম্পর্কে লেখ। ২

গ. 'X' পরিবার যে নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত সে নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক জীবন সম্পর্কে লেখ। ৩

ঘ. 'Y' পরিবারের সদস্যদের ধর্মীয় জীবনযাপন 'X' পরিবারের ধর্মীয় জীবন যাপন থেকে আলাদা বিশ্লেষণ করো। ৪

১০.▶

| | |
|---|---|
| ক. | ১। গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা<br>২। সংকট মোকাবিলা |
| খ. | ১। ন্যায় বিচার<br>২। মানবাধিকাররের প্রতি শ্রদ্ধাবোধ |

ক. UNICEF এর পূর্ণরূপ কী? ১

খ. বাংলাদেশে খাদ্য সমস্যা সমাধানে ফাও-এর ভূমিকা কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'ক' ছক দ্বারা কোন সংস্থাকে বোঝানো হয়েছে? এর কাজ উল্লেখ করো। ৩

ঘ. উদ্দীপকে 'খ' ছক দ্বারা যে সংস্থাকে বোঝানো হয়েছে, সেই সংস্থাটি বাংলাদেশের ক্ষেত্রে কী ভূমিকা রাখছে তা বিশ্লেষণ করো। ৪

১১.▶

| | |
|---|---|
| শিল্প-A | পোড়ামাটি, কান্তজি মন্দির, কষ্টিপাথর |
| শিল্প-B | বৈষ্ণব পদাবলি, পুঁথি, গদ্য |

ক. সংস্কৃতি কী? ১

খ. সাংস্কৃতিক উন্নয়নে প্রযুক্তির ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের A শিল্পে সংস্কৃতির যে দিকটি ফুটে উঠেছে তা পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. B শিল্প বিকাশের ধারাবাহিকতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. কত তারিখ থেকে বঙ্গীয় আইনসভার কার্যক্রম শুরু হয়?
ক) ১৮৬১ সালের ২রা ফেব্রুয়ারি
খ) ১৮৬২ সালের ১লা ফেব্রুয়ারি
গ) ১৮৯২ সালের ১৩ই মার্চ
ঘ) ১৮৫৩ সালের ৬ই নভেম্বর

২. ব্রিটিশ মন্ত্রিসভা কর্তৃক কয়জন মন্ত্রীকে ভারত সচিব পদে মনোনীত করা হয়?
ক) ১ জন  খ) ২ জন
গ) ৩ জন  ঘ) ৫ জন

৩. বাংলার ইকলিমগুলো হলো—
i. লখনৌতি
ii. সাতগাঁও  iii. গৌড়
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii  খ) i
গ) i ও ii  ঘ) i, ii ও iii

৪. কাজী নজরুল ইসলাম গানের ভুবনে বিশেষ স্থান অধিকার করেছেন—
i. আপন স্বাতন্ত্র্যে
ii. নিজ বৈচিত্র্যে  iii. সৃষ্টিশীল মননে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

৫. এলাচি, হামাম, সুসিজ হলো এক ধরনের—
ক) কাপড়  খ) খাবার
গ) মসলা  ঘ) দৃশ্য শিল্প

৬. সাংস্কৃতিক আদর্শ হলো—
i. আচার-আচরণ
ii. ধর্মবিশ্বাস  iii. লোককলা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
প্রচণ্ড গরমে অতিষ্ঠ হয়ে তপনের পরিবার একটি এসি কিনবে। ক্রয় করার লক্ষ্যে তপন ইন্টারনেটে কতগুলো বিজ্ঞাপন দেখে এবং অনলাইনে তার পরিবার এসি ক্রয় করে।

৭. উদ্দীপকের এ ধরনের পণ্য লেনদেনকে বলা হয়—
ক) ই-কে  খ) ই-কিউ
গ) ই-কমার্স  ঘ) ই-মেইল

৮. তপনদের মতো ইন্টারনেট ব্যবহারকারী—
i. প্রযুক্তি জ্ঞানসম্পন্ন
ii. মেধাসম্পন্ন ও চিন্তাশীল
iii. পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে মানানসই
নিচের কোনটি সঠিক?
ক) i  খ) ii
গ) ii ও iii  ঘ) ii ও iii

৯. শিশুদের মধ্যে কোনটি না থাকার কারণে তারা সহজে অভিভাবিত হয়ে যায়?
ক) বয়সের পরিপক্বতা থাকে না বলে
খ) বেশি আবেগপ্রবণ হয় বলে
গ) যুক্তি বা জ্ঞানের পরিপক্বতা থাকে না বলে
ঘ) চঞ্চলতা বেশি থাকে বলে

১০. চেয়ারম্যানসহ কতজন সদস্য নিয়ে জেলা পরিষদ গঠিত?
ক) ২০ জন  খ) ২১ জন
গ) ২২ জন  ঘ) ১৯ জন

১১. সংবিধান কোন সংশোধনীর মাধ্যমে চারটি মূলনীতি গ্রহণ করে?
ক) নবম সংশোধনী  খ) চতুর্দশ সংশোধনী
গ) পঞ্চম সংশোধনী  ঘ) পঞ্চদশ সংশোধনী

১২. আমাদের সংবিধানের সর্বশেষ সংশোধনী কবে গৃহীত হয়?
ক) ২০১১ সালের ৩০শে এপ্রিল
খ) ২০১৩ সালের ৪ঠা মে
গ) ২০১৪ সালের ২২শে সেপ্টেম্বর
ঘ) ২০১৬ সালের ১০ই নভেম্বর

১৩. হাঁস-মুরগি পালন, মাছের চাষ প্রভৃতি কোন প্রকল্পের অন্তর্গত?
ক) ব্যয় বৃদ্ধিমূলক প্রকল্প
খ) সৌখিন প্রকল্প
গ) পুষ্টিবর্ধক প্রকল্প
ঘ) আয় বৃদ্ধিমূলক প্রকল্প

Teachingbd24.com

১৪. কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্পের আওতায় যে সেবা প্রদান করা হয় তা হলো—
i. বিনামূল্যে জটিল রোগের চিকিৎসা প্রদান
ii. পরিবার ছোট রাখার জন্য পরামর্শ প্রদান
iii. পুষ্টি শিক্ষা প্রদান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৫. আমেরিকার মাথাপিছু আয় কত?
ক) ৫৫,৮৩৬ মার্কিন ডলার
খ) ৫৭,৭৩২ মার্কিন ডলার
গ) ৬০,২০৩ মার্কিন ডলার
ঘ) ৬১,৪৩৭ মার্কিন ডলার

১৬. ★ হাজং নৃগোষ্ঠী বাংলাদেশের কোন অংশে বসবাস করে?
ক) উত্তর-পূর্বাংশে খ) উত্তর-পশ্চিমাংশে
গ) দক্ষিণ-পূর্বাংশে ঘ) দক্ষিণ-পশ্চিমাংশে

১৭. বাংলাদেশের গারো মহিলাদের পোশাকের নাম কী?
ক) পিনোন খ) দকমান্দা
গ) আজ্ঞি ঘ) ফতুয়া-লুঙ্গি

১৮. ধর্মগুরু হিসেবে সাঁওতালরা কাকে গণ্য করে?
ক) মাঝি হারান খ) পরানিক
গ) গোডেং ঘ) নায়কি

১৯. গারোদের প্রধান দেবতার নাম কী ছিল?
ক) চাষাড়া রাবুকা খ) নানাতা রাবুকা
গ) কাকাসা রাবুকা ঘ) তাতারা রাবুকা

২০. কোনটি মানুষে মানুষে সাংস্কৃতিক আন্তঃসম্পর্কের ভেতর রচনা করে?
ক) সংস্কৃতির সংমিশ্রণ খ) ভাষা সংমিশ্রণ
গ) ব্যক্তি স্বাতন্ত্র্য ঘ) ধর্মীয় শিষ্টাচার

২১. কত সালে ইউনিসেফ শান্তির জন্য নোবেল পুরস্কার লাভ করে?
ক) ১৯৫৭ সালে খ) ১৯৬৫ সালে
গ) ১৯৬৮ সালে ঘ) ১৯৭০ সালে

২২. FAO-এর প্রধান লক্ষ্য—
i. খাদ্য নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা
ii. ম্যালেরিয়া দূরীকরণ
iii. কৃষি উৎপাদন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. নতুন ধান মাড়াইয়ে সাথে একই সূত্রে গ্রোথিত—
i. বাঙালির পহেলা বৈশাখ
ii. বাঙালির নবান্ন
iii. ক্ষুদ্র নৃগোষ্ঠীর ওয়ানগালা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. বিশিষ্ট অতিথিদের অভ্যর্থনার ব্যবস্থা করা কোন স্থানীয় সরকারের কাজ?
ক) ইউনিয়ন পরিষদ খ) জেলা পরিষদ
গ) পৌরসভা ঘ) উপজেলা পরিষদ

২৫. জাতীয় তহবিলের অভিভাবক কে?
ক) বিচার বিভাগ খ) শাসন বিভাগ
গ) রাষ্ট্রপতি ঘ) আইন বিভাগ

২৬. অনুকরণের মাধ্যমে শিশু আয়ত্ত করে থাকে—
i. ভাষা
ii. উচ্চারণ iii. বাচনভঙ্গি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. কত সাল থেকে কত সাল পর্যন্ত ইংরেজদের সাথে মোগল শক্তির বেশ কয়েকটি খণ্ড যুদ্ধ হয়?
ক) ১৬৬০-১৬৭০ পর্যন্ত
খ) ১৬৮২-১৬৮৮ পর্যন্ত
গ) ১৬৮৭-১৬৯০ পর্যন্ত
ঘ) ১৬৮৪-১৬৮৭ পর্যন্ত

২৮. কে প্রথম নেপালের রাজার দরবার থেকে চর্যাপদ আবিষ্কার করেন?
ক) পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী
খ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ
গ) রাজা রামমোহন রায়
ঘ) রজনীকান্ত

২৯. ধর্মমঙ্গল কে রচনা করেন?
ক) চণ্ডীদাস খ) ভারতচন্দ্র
গ) বিজয় গুপ্ত ঘ) ঘনরাম

৩০. 'সাংগ্রাই' উৎসব কখন পালন করা হয়?
ক) বৈশাখী পূর্ণিমাতে
খ) বসন্তকালে
গ) গৌতম বুদ্ধের জন্মদিনে
ঘ) চৈত্র সংক্রান্তিতে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd24.com